

## **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১১৬৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৬০]
৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (کتاب الفضائل)
পরিচ্ছেদঃ ২১২: রাতে উঠে (তাহজ্জুদ) নামায পড়ার ফযীলত

# (212) بَابُ فَضْلِ قِيَامِ اللَّيْل

#### আরবী

وَعَنْ عَائِشَة رَضِيَ اللهُ عَنْهَا، قَالَتْ: كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَقُومُ مِنَ اللَّيْلِ حَتَّى تَتَفَطَّرَ قَدَمَاهُ، فَقُلْتُ لَهُ: لِمَ تَصنْنَعُ هَذَا، يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، وَقَدْ غُفِرَ لَكَ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأْخَّرَ ؟ قَالَ: «أَفَلاَ أَكُونُ عَبْداً شَكُوراً؟» متفقٌ عَلَيْهِ .

#### বাংলা

মহান আল্লাহ বলেন,

﴿ وَمِنَ اللَّيْلِ فَتَهَجَّدْ بِهِ نَافِلَةً لَكَ عَسَىٰ أَنْ يَبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَحْمُودًا ﴾ (الاسراء: ٧٩)

অর্থাৎ রাত্রির কিছু অংশে তাহাজ্জুদ কায়েম কর; এটা তোমার জন্য এক অতিরিক্ত কর্তব্য। আশা করা যায়, তোমার প্রতিপালক তোমাকে প্রতিষ্ঠিত করবেন প্রশংসিত স্থানে। (সুরা বানী ইসরাইল ৭৯ আয়াত)

তিনি আরও বলেছেন,

﴿ تَتَجَافَىٰ جُنُوبُهُمْ عَنِ الْمَضَاجِعِ يَدْعُونَ رَبَّهُمْ خَوْفًا وَطَمَعًا وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنْفِقُونَ ﴾ (السجدة: ١٦)

অর্থাৎ তারা শয্যা ত্যাগ করে আকাজ্ফা ও আশংকার সাথে তাদের প্রতিপালককে ডাকে এবং আমি তাদেরকে যে রুযী প্রদান করেছি, তা হতে তারা দান করে। (সূরা সেজদা ১৬ আয়াত)

তিনি আরও বলেছেন, 🗆 ۱۷: (الذاريات) ﴿ (المُؤْمِثُ مَنَ اللَّيْلُ مَنَ اللَّيْلُ مَنَ اللَّيْلُ مَا يَهْجَعُونَ ﴾

অর্থাৎ তারা রাত্রির সামান্য অংশই নিদ্রায় অতিবাহিত করত। (সূরা যারিয়াত ১৭ আয়াত)

১/১১৬৭। আয়েশা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাত্রির



একাংশে (নামাযে) এত দীর্ঘক্ষণ কিয়াম করতেন যে, তাঁর পা ফুলে ফাটার উপক্রম হয়ে পড়ত। একদা আমি তাঁকে বললাম, 'হে আল্লাহর রাসূল! আপনি এত কষ্ট সহ্য করছেন কেন? অথচ আপনার তো পূর্ব ও পরের গুনাহসমূহকে ক্ষমা করে দেওয়া হয়েছে।' তিনি বললেন, "আমি কি শুকরগুযার বান্দা হব না?" (বুখারী ও মুসলিম)[1]

## **English**

(212) Chapter: Excellence of Standing in Prayer at Night

### Allah, the Exalted, says:

"And in some parts of the night (also) perform the Salat (prayer) with it (i.e., recite the Qur'an in the prayer) as an additional prayer (Tahajjud optional prayer - Nawafil) for you (O Muhammad (PBUH)). It may be that your Rubb will raise you to Maqam Mahmud (a station of praise and glory, i.e., the honour of intercession on the Day of Resurrection)." (17:79)

"Their sides forsake their beds..." (32:16)

"They used to sleep but little by night [invoking their Rubb (Allah) and praying, with fear and hope]."
(51:17)

'Aishah (May Allah be pleased with her) reported:

The Prophet (ﷺ) kept standing (in prayer) so long that the skin of his feet would crack. I asked him: "Why do you do this, while you have been forgiven of your former and latter sins?" He said, "Should I not be a grateful slave of Allah?"

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith has already been mentioned. It is reproduced here to illustrate the practice of the Prophet (PBUH) in respect of Qiyam-ul-Lail. It tells us that:

- 1. The Nafl Salat should be performed with full concentration and peace of mind.
- 2. The more one is endowed with gifts from Allah, the greater gratitude and worship one should express for them to Allah.
- 3. The best time for showing one's humility before Allah and for worship is the later period of night.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৪৮৩৭, ১১১৮, ১১১৯, ১১৪৮, ১১৬১, ১১৬২, ১১৬৮, মুসলিম ৭৩১, ২৮২০, তিরমিয়ী ৪১৮,



নাসায়ী ১৬৪৮-১৬৫০, আবূ দাউদ ১২৬২, ১২৬৩, ইবনু মাজাহ ১২২৬, ১২২৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

 $\textit{\textbf{\textit{G}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 26049$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন